# বিতর্কিত বক্তব্যে জামায়াতের শোকজ নোটিশ চট্টগ্রামের প্রার্থী শাহজাহানকে



সংগৃহীত ছবি

প্রশাসন দখলের ইঙ্গিতপূর্ণ বক্তব্য দেওয়ার অভিযোগে বাংলাদেশ জামায়াতে ইসলামী দলের কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও চট্টগ্রাম-১৫ আসনের মনোনীত প্রার্থী শাহজাহান চৌধুরীকে কারণ দর্শানোর নোটিশ পাঠিয়েছে দলটি।

সোমবার (২৪ নভেম্বর) দলের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার স্বাক্ষরিত নোটিশে জানানো হয়—কেন তার বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে না, তা সাত দিনের মধ্যে ব্যাখ্যা দিতে হবে। সন্তোষজনক জবাব না পেলে দলীয় শৃঙ্খলাবিধি অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে বলেও সতর্ক করা হয়েছে।

গত শনিবার (২২ নভেম্বর) চট্টগ্রাম নগরের জিইসি কনভেনশন হলে এক অনুষ্ঠানে শাহজাহান চৌধুরী বলেন, “নির্বাচন শুধু জনগণ দিয়ে নয়... যাদের যাদের নির্বাচনী এলাকায় প্রশাসনের লোক আছে, তাদের আমাদের আন্ডারে আনতে হবে। আমাদের কথায় ওঠবে, বসবে, গ্রেফতার-মামলাও করবে।”

এই বক্তব্য সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়লে ব্যাপক সমালোচনা শুরু হয়। পরে জামায়াত জানায়, এই মন্তব্য দলের অবস্থানকে প্রতিফলিত করে না।

নোটিশে আরও বলা হয়, রাষ্ট্রীয় প্রশাসনের নিরপেক্ষতা ও পেশাদারিত্বের বিরুদ্ধে এমন মন্তব্য দায়িত্বশীল রাজনৈতিক আচরণের পরিপন্থী। অতীতেও শাহজাহান চৌধুরী দলীয় শৃঙ্খলা-বহির্ভূত বক্তব্য দিয়েছেন এবং এজন্য তাকে কয়েকবার সতর্ক করা হয়েছিল। আমিরের সরাসরি দৃষ্টি আকর্ষণ ও সতর্কবার্তাও কাজ না করায় এবার আনুষ্ঠানিকভাবে কারণ দর্শানোর নোটিশ পাঠানো হলো।